

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
জেলা সরকারি গণগ্রন্থাগার, নারায়ণগঞ্জ।

Website : www.publiclibrary.narayanganj.gov.bd

গ্রন্থাগারের সদস্য হওয়ার নিয়মাবলী ও বইধার দেয়া সংক্রান্ত নীতিমালা :

→	বই ধার নেয়ার জন্য আগ্রহী পাঠকদের সদস্য হতে নির্ধারিত ফরমে লাইব্রেরিয়ান বরাবর আবেদন করতে হবে। ১০ (দশ) টাকা আবেদন ফি প্রদান সাপেক্ষে গ্রন্থাগার থেকে আবেদন ফরম সংগ্রহ করা যাবে।
→	জেলা সরকারি গণগ্রন্থাগার, নারায়ণগঞ্জ কার্যালয়ে তিন ধরনের সদস্য আবেদন ফরম সংগ্রহ করতে পারবেন। ক) শিশু সদস্য -অনূর্ধ্ব ১৪ বছরের ছেলে বা মেয়ে। খ) ছাত্র/ছাত্রী সদস্য- ১৪ বছরের উর্ধ্বে যেকোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থী। গ) সাধারণ সদস্য-শিশু ও অধ্যয়নরত শিক্ষার্থী ব্যতীত সকল শ্রেণি পেশার জনগণ।
→	বয়স প্রমাণের জন্য ১ম শ্রেণির গেজেটেড সরকারি কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্রের ফটোকপি/ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
→	সাধারণ সদস্যদের স্ব স্ব পৌরসভা/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অথবা ১ম শ্রেণির গেজেটেড সরকারি কর্মকর্তা বা চাকুরীজীবী হলে তার নিয়ন্ত্রণকারী কর্মকর্তার সুপারিশ সাপেক্ষে সদস্য করা হবে।
→	ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান বা বিভাগীয় প্রধান কর্তৃক সুপারিশ করতে হবে।
→	আবেদনপত্রের সাথে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান বা বিভাগীয় প্রধান বা ১ম শ্রেণির গেজেটেড সরকারি কর্মকর্তা কর্তৃক সত্যায়িত পাসপোর্ট সাইজের ২ কপি ছবি এবং জাতীয় পরিচয়পত্রের অনুলিপি সংযুক্ত করতে হবে।
→	শিশু সদস্যদের ক্ষেত্রে ২০০/- (দুইশত টাকা), ছাত্র/ছাত্রী সদস্যদের ক্ষেত্রে ৩০০/- (তিনশত টাকা) এবং সাধারণ সদস্যদের ক্ষেত্রে ৫০০/- (পাঁচশত টাকা) জামানত হিসেবে জমা দিতে হবে।
→	নিবন্ধিত সদস্যর মেয়াদ ০১ (এক) বছর। মেয়াদ উত্তীর্ণ হবার পর ২৫/- (পঁচিশ)

	টাকা নবায়ন ফি প্রদান সাপেক্ষে সদস্য নবায়ন করতে পারবেন।
→	প্রত্যেক সদস্যকে এককালীন সর্বোচ্চ ১৫ (পনের) দিনের জন্য ০১ (এক) টি বইয়ের বেশি ধার দেয়া যাবে না। অন্য কোন সদস্যর চাহিদা না থাকলে উক্ত বই টি উক্ত পাঠন ধারাবাহিকভাবে সর্বোচ্চ ০২ (দুই) বার ধার নিতে পারবেন।
→	কোন সদস্য ধার নেয়া বই হারিয়ে ফেললে বা নষ্ট করে ফেললে উক্ত বইয়ের মূল্যের দ্বিগুণ টাকা ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবেন।
→	নির্ধারিত সময়ের মাঝে বই ফেরত দিতে ব্যর্থ হলে প্রথম সপ্তাহে অতিরিক্ত প্রতিদিনের জন্য বই প্রতি ৫/- (পাঁচ) টাকা এবং দ্বিতীয় সপ্তাহ থেকে ১০/- (দশ) টাকা হারে জরিমানা আদায় করা হবে।
→	কার্ড হারিয়ে গেলে সাথে সাথে গ্রন্থাগার কর্তৃপক্ষকে জানাতে হবে এবং আবেদন সাপেক্ষে ২৫/- (পাঁচিশ) টাকা এর বিনিময়ে পুনরায় কার্ড সংগ্রহ করা যাবে।
→	রেফারেন্স বই , দুপ্রাপ্য ও মূল্যবান বই, বিদেশী প্রকাশনা এবং পত্র-পত্রিকা কোন ভাবেই ধার দেয়া যাবে না।
→	কোন সদস্য বই ধার দেয়া সংক্রান্ত নীতিমালা পরিপন্থী কোন কাজ করলে তার সদস্যপদ বাতিলসহ তার জামানত বাজেয়াপ্ত করা হবে।
→	যদি কোন সদস্য বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর ইত্যাদি পরিবর্তন করেন তবে তা কর্তৃপক্ষকে অবশ্যই জানাতে হবে।
→	কর্তৃপক্ষ নীতিমালার যেকোন শর্ত প্রয়োজনে পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজন করতে পারবেন।
→	বই ধার সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।